ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (এপিপি) কপি।
(২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ডিজেল পরিবহণের নিমিত্তে দর সংগ্রহের জন্য স্থানীয় পরিবহণকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৫১.২০২৪.১৬৭; তারিখঃ ১৯/০৪/২০২৪ইং।
(৩) মেসার্স হাবিব ট্রেডার্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২২/০৪/২০২৪ইং।
(৪) মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২৩/০৪/২০২৪ইং।
(৫) মেসার্স জনতা ট্রেডার্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২৫/০৪/২০২৪ইং।
(৬) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামুলক বিবরণী।

ক্রমিক নং-০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Management System হিসেবে Incineration করার ব্যবস্থা রয়েছে। উক্ত Incineration এর জন্য জ্বালানী হিসেবে ডিজেল ব্যবহার করা হয়। বর্তমানে প্রতি মাসে কম/বেশি ৫,২৫,০০০.০০(পাঁচ লক্ষ পঁচিশ হাজার) লিটার ডিজেল প্রয়োজন হয়। ঢাকা ওয়াসার প্রেরিত পত্রের আলোকে সরকারি প্রতিষ্ঠান "মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড" এর অনুমোদনক্রমে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ফতুল্লা ডিপো হতে ডিজেল ক্রয় করা হয়। উল্লেখ্য, এ বিষয়ে বিস্ফোরক পরিদপ্তর হতে পেট্রোলিয়াম (ডিজেল) মজুদের লাইসেন্স প্রদান করা হয়েছে।

০৩। "মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড" কর্তৃপক্ষ শুধুমাত্র প্রয়োজনীয় জ্বালানী ডিপো হতে বিক্রয় করে, কিন্তু পরিবহণ করে না। ফলে আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant এ প্রয়োজনীয় ডিজেল পরিবহণের জন্য স্থানীয় পরিবহণকারী প্রতিষ্ঠান হতে দর সংগ্রহের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয় (ক্রমিক নং- ২ দ্রঃ)। পরবর্তীতে ৩টি পরিবহণকারী প্রতিষ্ঠান আলোচ্য দপ্তরে পত্র মারফত দর প্রেরণ করে (ক্রমিক নং- ৩, ৪ ও ৫ দ্রঃ)। সংগৃহীত দরের ভিত্তিতে ১টি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৬ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স নারায়ণগঞ্জ ফতুল্লা/গোদনাইল ডিপো হতে আলোচ্য পয়ঃশোধনাগার পর্যন্ত ডিজেল পরিবহণ কাজের জন্য সর্বনিম্ন প্রতি লিটার ডিজেল পরিবহণের জন্য ০.৯৫ টাকা (আইটি-ভ্যাটসহ) দর দাখিল করে। আলোচ্য পয়ঃশোধনাগারে ডিজেল পরিবহণের জন্য প্রস্তাবিত দরসমূহসহ নথিটি পরবর্তী কার্যক্রমের জন্য Technical Specification ও দর যাচাই কমিটির আহবায়ক বরাবর প্রেরণ করা যেতে পারে।

AE
Asif
02.05.2024

Ri
02.05.24
রাজেশ ত্রিপুরা
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

EE, DSTP

আসিফ কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

EE
02/05/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

প্রধান প্রকৌশলী ও আহবায়ক

০৪/ ১৬৮ ...

02/05/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

(৭) সভা আহবানের পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৫১.২০২৪-১৮১; তারিখঃ ০২/০৫/২০২৪।
(৮) Attendance Sheet.

০৫। ক্রমিক নং ৭-৮ দেখা যেতে পারে। দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant এ প্রয়োজনীয় ডিজেল পরিবহণের লক্ষ্যে ডিজেল পরিবহণকারী প্রতিষ্ঠান মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স সর্বনিম্ন দর দাখিল করায় প্রস্তাবিত দর Negotiation এর লক্ষ্যে মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স এর বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

AE
Asif
05.05.2024

Ri
05.05.24
রাজেশ ত্রিপুরা
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

আসিফ কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

EE
OK
05/05/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

CamScanner

-২-

(৯) Negotiation এর লক্ষ্যে মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৫১. ২০২৪-১৮৬; তারিখঃ ০৫/০৫/২০২৪।

(১০) সভা আহবানের পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৫১.২০২৪-১৮৭; তারিখঃ ০৫/০৫/২০২৪।

(১১) Attendance Sheet

(১২) Negotiated Price Sheet.

০৭। ক্রমিক নং- ৯, ১০, ১১ ও ১২ দেখা যেতে পারে। আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant এ প্রয়োজনীয় ডিজেল পরিবহণের লক্ষ্যে ডিজেল পরিবহণকারী প্রতিষ্ঠান মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স এর সহিত গঠিত Technical Specification ও দর যাচাই কমিটির Negotiation এর মাধ্যমে প্রতি লিটার ডিজেল পরিবহণের জন্য ০.৯০ টাকা দর নির্ধারণ পূর্বক Negotiated Price Sheet স্বাক্ষর করা হয় (ক্রমিক নং-১২ দ্রঃ)। আলোচ্য কাজের নথিটি পরবর্তী কার্যক্রমের জন্য নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার বরাবর প্রেরণ করা যেতে পারে।

07/05/2024

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

EE, DSTP

07.05.24

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

(১৩) প্রস্তুতকৃত প্রাক্কলন।

(১৪) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরে অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (আরএপিপি) কপি।

০৯। ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের Sludge Drying and Incineration Plant এ জ্বালানী হিসেবে ডিজেল সরবরাহের লক্ষ্যে "ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ফতুল্লাস্থ ডিপো হতে আলোচ্য পয়ঃশোধনাগার পর্যন্ত ডিজেল পরিবহণ" কাজটি সম্পাদনের লক্ষ্যে দর যাচাই এবং প্রয়োজনীয় Negotiation গঠিত Technical Specification ও দর যাচাই কমিটি কর্তৃক সম্পন্ন হয়েছে (ক্রমিক নং-১০ দ্রঃ)। উক্ত Negotiation এর ভিত্তিতে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-১৩ দ্রঃ)। প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী মেসার্স রহমত ব্রাদার্স এন্ড সন্স এর মাধ্যমে আলোচ্য পরিবহণ কাজটি সম্পাদনের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(১)(ট) মোতাবেক কম/বেশি ১১,০০,০০০.০০ লিটার ডিজেল পরিবহনের জন্য (১১,০০,০০০ X ০.৯০) সর্বমোট ৯,৯০,০০০.০০ (নয় লক্ষ নব্বই হাজার টাকা) মাত্র অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২০২৪ অর্থ বছরে দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৬৪ হতে নির্বাহ করা হবে (ক্রমিক নং-১৪ দ্রঃ)। এছাড়া, আলোচ্য কাজের চুক্তি, কার্যাদেশ প্রদান, বিল প্রদানসহ যাবতীয় কাজ নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার সম্পন্ন করবেন।

১০। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

15.05.24
রাজেশ ত্রিপুরা
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

Asif
15.05.2024
আসিফ কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

15/05/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

SE/CE

16/05/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

CE

OK.
16/5/2024
প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অ: দা:)
ঢাকা ওয়াসা।

DMD(O&M)/MD